

এসপি১২৫

ওনার্স ম্যানুয়াল

এই ম্যানুয়ালটিকে মোটরসাইকেলের একটি স্থায়ী অংশ হিসেবে বিবেচনা করা উচিত এবং এটি পুনরায় বিক্রি করার সময় মোটরসাইকেলের সাথে থাকা উচিত।

এই প্রকাশনাটি মুদ্রণের আগে উপলব্ধ সর্বশেষ উৎপাদন তথ্য অন্তর্ভুক্ত করে। Bangladesh Honda Pvt Ltd. কোনো নোটিশ ছাড়াই এবং কোনো বাধ্যবাধকতা ছাড়াই যেকোন সময় পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

লিখিত অনুমতি ছাড়া এই প্রকাশনার কোন অংশ পুনরায় মুদ্রণ করা যাবে না।

এই ম্যানুয়ালটিতে চিত্রিত মোটরসাইকেলটি আপনার আসল মোটরসাইকেলের সাথে নাও মিলতে পারে।

যেকোনো প্রশ্ন বা সহায়তার জন্য অনুগ্রহ করে বাংলাদেশ হোন্ডা হেল্পলাইন নাম্বার: ০৮ ০০০ ৪৩০ ৪৩০ (টোল ফ্রি) নম্বরে কল করুন। যোগাযোগের সময়: সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত (সাপ্তাহিক ছুটির দিন এবং সরকারি ছুটি ব্যতীত)।
ওয়েব: www.bdhonda.com ইমেইল: info@bdhonda.com
ফেইসবুক: facebook.com/bdhondaofficial

নতুন হোন্ডা মোটরসাইকেল কেনার জন্য আপনাকে অভিনন্দন।

বিশ্বব্যাপী হোন্ডার সস্তুষ্ট গ্রাহকদের একটি পরিবার আছে যারা প্রতিটি পণ্যের গুণগতমান বৃদ্ধির জন্য হোন্ডার খ্যাতির প্রশংসা করে, আপনার হোন্ডা কেনার সিদ্ধান্ত আপনাকে বিশ্বব্যাপী সস্তুষ্ট গ্রাহকদের পরিবারের একটি অংশ করে তোলে।

আপনার নিরাপত্তা এবং রাইডিং আনন্দ নিশ্চিত করতে:

- এই ওনার্স ম্যানুয়ালটি মনোযোগ সহকারে পড়ুন।
- এই ম্যানুয়ালটিতে থাকা সমস্ত রেকমেন্ডেশন এবং পদ্ধতি অনুসরণ করুন।
- এই ম্যানুয়াল এবং যানবাহনে থাকা নিরাপত্তা বার্তাগুলির প্রতি গভীর মনোযোগ দিন।

- এই ম্যানুয়ালটিতে নিম্নলিখিত কোডটি গন্তব্যস্থল নির্দেশ করে

গোন্তব্যের কোড

কোড

CBF125MEF

গন্তব্য

III BA

বাংলাদেশ

নিরাপত্তা সম্পর্কে কিছু কথা

আপনার নিরাপত্তা এবং অন্যদের নিরাপত্তা খুবই গুরুত্বপূর্ণ। এই মোটরসাইকেলটি নিরাপদে চালানো একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব।

আমরা এই ম্যানুয়ালটিতে নিরাপত্তা লেবেল এবং পরিচালনা পদ্ধতি এবং অন্যান্য তথ্য দিয়েছি যাতে নিরাপত্তার ব্যাপারে আপনি সুচিন্তিত সিদ্ধান্ত নিতে পারেন। আপনার বা অন্যদের ক্ষতি করতে পারে এমন বিপদ সম্পর্কে এই তথ্য আপনাকে সম্ভাব্য সতর্ক করতে পারে।

একটি যানবাহন পরিচালনা বা রক্ষণাবেক্ষণের সাথে সম্পর্কিত সমস্ত বিপদ সম্পর্কে আপনাকে সতর্ক করা আসলে সম্ভব নয় বা বাস্তবসম্মত নয়। আপনার নিজের বিচার বুদ্ধি আপনাকে ব্যবহার করতে হবে।

আপনি বিভিন্ন ধরনের গুরুত্বপূর্ণ নিরাপত্তা তথ্য পাবেন, যার মধ্যে রয়েছে:

- মোটরসাইকেলে নিরাপত্তা লেবেল।
- নিরাপত্তা বার্তার শুরুতে একটি নিরাপত্তা সতর্কতা চিহ্ন  থাকবে এবং তিনটি নিরাপত্তা সংকেত শব্দের মধ্যে একটি থাকবে: বিপদ, সতর্কতা অথবা সাবধানতা। এই সংকেত শব্দগুলির অর্থ হল:

বিপজ্জনক

নির্দেশাবলী অনুসরণ না করলে আপনি মারা যেতে পারেন অথবা গুরুতরভাবে আহত হতে পারেন।

সতর্কতা

নির্দেশাবলী অনুসরণ না করলে আপনি মারা যেতে পারেন অথবা গুরুতরভাবে আহত হতে পারেন।

সাবধানতা

নির্দেশাবলী অনুসরণ না করলে আহত হতে পারেন।

নিম্নলিখিত শিরোনামে অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করা হয়েছে:

নোটশ

আপনার মোটরসাইকেল, অন্যান্য সম্পত্তি বা পরিবেশের ক্ষতি এড়াতে সাহায্য করবে এমন তথ্য।

সূচিপত্র

মোটরসাইকেলের নিরাপত্তা পৃ. ২

অপারেশন গাইড পৃ. ১৪

মেইনটেন্যান্স পৃ. ৪৪

ট্রাবলশুটিং পৃ. ৭৮

তথ্যসমূহ পৃ. ৯২

স্পেসিফিকেশন পৃ. ১০৩

মোটরসাইকেলের নিরাপত্তা

এই বিভাগে আপনার মোটরসাইকেলটি নিরাপদে চালানোর জন্য গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে।

দয়া করে এই বিভাগটি মনোযোগ সহকারে পড়ুন।

নিরাপত্তা গাইডলাইন	পৃ. ৩
ইমেজ লেবেল	পৃ. ৬
নিরাপত্তা সতর্কতা	পৃ. ৮
চালানোর সতর্কতা	পৃ. ৯
এক্সেসরিজ ও মোডিফিকেশন	পৃ. ১২
লোডিং	পৃ. ১৩

নিরাপত্তা গাইডলাইন

আপনার নিরাপত্তা বাড়াতে এই নির্দেশিকাগুলি অনুসরণ করুন:

- এই ম্যানুয়ালটিতে উল্লেখিত সমস্ত রুটিন আর নিয়মিত ইন্সপেকশন গুলো করুন।
- ফুয়েল ট্যাঙ্ক ভর্তি করার আগে ইঞ্জিন বন্ধ করুন এবং আগুন অথবা স্পার্ক যেন আশেপাশে না থাকে খেয়াল রাখুন।
- আবদ্ধ বা আংশিকভাবে আবদ্ধ স্থানে ইঞ্জিন চালাবেন না। এগজস্ট গ্যাসে থাকা কার্বন মনোক্সাইড বিষাক্ত এবং আপনার মৃত্যুও ঘটাতে পারে।

সব সময় হেলমেট পরুন

এটি একটি প্রমাণিত সত্য: হেলমেট এবং প্রতিরক্ষামূলক পোশাক (প্রোটেক্টিভ সুট), মাথা এবং অন্যান্য আঘাতের সংখ্যা এবং তীব্রতা উল্লেখযোগ্যভাবে কমিয়ে দেয়। সব সময় একটি অনুমোদিত হেলমেট এবং প্রতিরক্ষামূলক পোশাক (প্রোটেক্টিভ সুট) পরুন। ♦পৃ. ৮

রাইড করার আগে

নিশ্চিত করুন যে আপনি শারীরিকভাবে সুস্থ, মানসিকভাবে মনোযোগী এবং অ্যালকোহল ও মাদকমুক্ত। আপনি এবং আপনার যাত্রী উভয়েই অনুমোদিত হেলমেট এবং

প্রতিরক্ষামূলক পোশাক (প্রোটেক্টিভ সুট) পরে আছেন কিনা তা যাচাই করুন।

আপনার যাত্রীকে গ্র্যাব রেইল (মোটরসাইকেলের সিট এর পেছনের ধরার জন্য লোহার অংশ) বা আপনার কোমর ধরে রাখতে, পালাক্রমে আপনার সাথে ঝুঁকে পড়াতে এবং মোটরসাইকেল থামানোর পরেও তাদের ফুটপেগ (পাদানি) এর উপর রাখার নির্দেশ দিন।

শেখার এবং অনুশীলনের জন্য সময় নিন

এমনকি যদি আপনি অন্য মোটরসাইকেলে চড়েও থাকেন, তবুও নিরাপদ স্থানে চালিয়ে অনুশীলন করুন যাতে আপনি এই মোটরসাইকেলটি কীভাবে কাজ করে এবং কীভাবে পরিচালনা করে তার সাথে পরিচিত হতে পারেন এবং মোটরসাইকেল এর আকার এবং ওজনের সাথে অভ্যস্ত হতে পারেন।

ডিফেন্সিভ রাইড করুন

আপনার আশেপাশের অন্যান্য যানবাহনের দিকে সর্বদা মনোযোগ দিন এবং ধরে নিবেন না যে অন্য চালকরা আপনাকে দেখছেন। দ্রুত থামার জন্য প্রস্তুত থাকুন অথবা এড়িয়ে যাওয়ার কৌশল অবলম্বন করুন।

নিজেকে সহজে দেখা যায় এমন ভাবে থাকুন

বিশেষ করে রাতে, উজ্জ্বল প্রতিফলিত পোশাক পরে, রাস্তায় নিজেকে এমনভাবে রাখুন যাতে করে, অন্য চালকরা আপনাকে দেখতে পান, বাঁক নেওয়ার আগে বা লেন পরিবর্তন করার আগে সংকেত দিয়ে এবং প্রয়োজনে হর্ন ব্যবহার করে নিজেকে দেখা যায় এমন ভাবে চলুন।

আপনার নিজের সীমার মধ্যে রাইড করুন

কখনোই আপনার ব্যক্তিগত সীমার বাইরে বা পারিপার্শ্বিক অবস্থায় যতটুকু সম্ভব তার চেয়ে দ্রুত গতিতে মোটরসাইকেল চালাবেন না। ক্লান্তি এবং অসাবধানতা আপনার সঠিক বিচারবুদ্ধি ব্যবহার এবং নিরাপদে মোটরসাইকেল চালানোর ক্ষমতাকে ব্যাহত করতে পারে।

মদ্যপান বা ড্রাগস সেবনের পর রাইড করবেন না

অ্যালকোহল বা মাদকদ্রব্য এবং রাইড একসাথে যায়না। এমনকি একটি অ্যালকোহলযুক্ত পানীয়ও হুট করে তৈরি হওয়া পরিস্থিতিতে আপনার রেস্পন্স করার ক্ষমতা হ্রাস করতে পারে এবং প্রতিটি অতিরিক্ত পানীয়ের সাথে আপনার রেস্পন্স টাইম আরও খারাপ হতে থাকে। মাদক ব্যবহারের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। মদ্যপান করবেন না, মাদক ব্যবহার করবেন না এবং মোটরসাইকেল চালাবেন না, এবং আপনার বন্ধুদেরও এটি করতে দেবেন না।

আপনার হোভাকে নিরাপদ অবস্থায় রাখুন

আপনার মোটরসাইকেল সঠিক রক্ষণাবেক্ষণ এবং নিরাপদে চলাচলের অবস্থায় রাখা গুরুত্বপূর্ণ। প্রতিটি যাত্রার আগে আপনার মোটরসাইকেলটি পরীক্ষা করুন এবং সমস্ত রেকমেন্ডেড মেইনটেন্যান্সগুলো করুন। কখনোই লোড (ভার) সীমা অতিক্রম করবেন না (*পৃ. ১৩), এবং আপনার মোটরসাইকেল এ এমন কোনও পরিবর্তন করবেন না বা এমন কোনও জিনিসপত্র ইনস্টল করবেন না (লাগাবেন না) যা আপনার মোটরসাইকেলকে অনিরাপদ করে তুলবে। (*পৃ. ১২)

যদি আপনি কোন দুর্ঘটনায় পড়েন

ব্যক্তিগত নিরাপত্তা আপনার প্রথম অগ্রাধিকার। যদি আপনি বা অন্য কেউ আহত হয়ে থাকেন, তাহলে আঘাতের তীব্রতা এবং মোটরসাইকেল চালিয়ে যাওয়া নিরাপদ কিনা তা বোঝার করার জন্য সময় নিন। প্রয়োজনে জরুরি সাহায্যের জন্য ফোন করুন। দুর্ঘটনায় অন্য কোনও ব্যক্তি বা যানবাহন জড়িত থাকলে প্রযোজ্য আইন ও বিধিমালা অনুসরণ করুন।

যদি আপনি মোটরসাইকেল চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে প্রথমে ইগনিশন সুইচটি ঘুরিয়ে বন্ধ করার পজিশনে নিয়ে যান এবং আপনার মোটরসাইকেল এর অবস্থা বুঝুন। তরল পদার্থ লিক হচ্ছে নাকি পরীক্ষা করুন, গুরুত্বপূর্ণ নাট এবং বোল্ট শক্ত আছে নাকি পরীক্ষা করুন এবং হ্যান্ডেলবার, কন্ট্রোল লিভার, ব্রেক এবং চাকা পরীক্ষা করুন। ধীরে ধীরে এবং সাবধানে চালান। আপনার মোটরসাইকেল এর এমন ক্ষতি হয়ে থাকতে পারে যা তাৎক্ষণিকভাবে স্পষ্ট নয়। যত তাড়াতাড়ি সম্ভব একটি ভালো সার্ভিস সেন্টারে আপনার মোটরসাইকেলটি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করুন।

কার্বন মনোক্সাইডের ঝুঁকি

এক্সস্ট এ বিষাক্ত কার্বন মনোক্সাইড থাকে, যা একটি বর্ণহীন, গন্ধহীন গ্যাস। কার্বন মনোক্সাইড শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে গ্রহণ করলে চেতনা হারাতে পারেন এবং মৃত্যুও হতে পারে।

যদি আপনি ইঞ্জিনটি একটি আবদ্ধ বা এমনকি আংশিকভাবে আবদ্ধ স্থানে চালান, তাহলে আপনি যে বাতাসে শ্বাস নেন তাতে বিপজ্জনক পরিমাণে কার্বন মনোক্সাইড থাকতে পারে।

কখনও গ্যারেজ বা অন্য কোনও আবদ্ধ জায়গায় আপনার মোটরসাইকেল চালাবেন না অথবা স্টার্ট দিয়ে রাখবেন না।

⚠ সতর্কতা

আপনার মোটরসাইকেল এর ইঞ্জিনটি আবদ্ধ বা আংশিকভাবে আবদ্ধ স্থানে চালানোর ফলে বিষাক্ত কার্বন মনোক্সাইড গ্যাস দ্রুত জমা হতে পারে।

এই বর্ণহীন, গন্ধহীন গ্যাস শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে গ্রহণ করলে দ্রুত অজ্ঞান হয়ে যেতে পারেন এবং মৃত্যুও হতে পারে।

আপনার মোটরসাইকেল এর ইঞ্জিনটি কেবল তখনই চালান যখন এটি বাইরে ভাল বাতাস চলাচল করে এমন জায়গায় থাকে।

ইমেজ লেবেল

পরবর্তী পৃষ্ঠাগুলিতে লেবেলের অর্থ বর্ণনা করা হয়েছে। কিছু লেবেল আপনাকে সম্ভাব্য বিপদ সম্পর্কে সতর্ক করে যা গুরুতর আঘাতের কারণ হতে পারে। অন্যগুলো গুরুত্বপূর্ণ নিরাপত্তা তথ্য প্রদান করে। এই তথ্যটি যত্নসহকারে পড়ুন এবং লেবেলগুলি সরাবেন না।

যদি কোনও লেবেল খুলে যায় বা পড়তে অসুবিধা হয়, তাহলে নতুন লেবেলের জন্য আপনার ডিলারের সাথে যোগাযোগ করুন।

প্রতিটি লেবেলে একটি নির্দিষ্ট প্রতীক থাকে। প্রতিটি প্রতীক এবং লেবেলের অর্থ নিম্নরূপ।



ওনার্স ম্যানুয়ালটিতে থাকা নির্দেশাবলী মনোযোগ সহকারে পড়ুন।



শপ ম্যানুয়ালটিতে থাকা নির্দেশাবলী মনোযোগ সহকারে পড়ুন। নিরাপত্তার স্বার্থে, সার্ভিসের জন্য শুধুমাত্র আপনার ডিলারের কাছেই মোটরসাইকেলটি নিন।



বিপদ (লাল ব্যাকগ্রাউন্ড থাকবে)

নির্দেশাবলী অনুসরণ না করলে আপনি মারা যাবেন অথবা গুরুতরভাবে আহত হবেন।

সতর্কতা (কমলা ব্যাকগ্রাউন্ড থাকবে)

নির্দেশাবলী অনুসরণ না করলে আপনি মারা যেতে পারেন অথবা গুরুতর আহত হতে পারেন।

সাবধান (হলুদ ব্যাকগ্রাউন্ড থাকবে)

নির্দেশাবলী অনুসরণ না করলে আপনি আঘাত পেতে পারেন।

নমুনা



ব্যাটারি লেবেল বিপদ

- ব্যাটারি থেকে আগুন এবং স্ফুলিঙ্গ দূরে রাখুন। ব্যাটারি বিস্ফোরক গ্যাস তৈরি করে যা বিস্ফোরণ ঘটাতে পারে।
- ব্যাটারি ব্যবহার করার সময় চোখের প্রটেকশন এবং রাবারের গ্লাভস পরুন, নাহলে ব্যাটারির ইলেক্ট্রোলাইটের কারণে আপনি পুড়ে যেতে পারেন বা দৃষ্টিশক্তি হারাতে পারেন।
- বাচ্চারা এবং অন্যান্য লোকেদের ব্যাটারি স্পর্শ করতে দেবেন না যদি না তারা ব্যাটারির সঠিক ব্যবহার এবং বিপদ সম্পর্কে খুব ভালোভাবে জেনে থাকে।
- ব্যাটারি ইলেক্ট্রোলাইট অত্যন্ত সাবধানতার সাথে হ্যান্ডেল করুন কারণ এতে লঘু সালফিউরিক অ্যাসিড থাকে। আপনার ত্বক বা চোখের সংস্পর্শে আসলে আপনার চামড়া পুড়ে যেতে পারে অথবা আপনার দৃষ্টিশক্তি নষ্ট হতে পারে।
- ব্যাটারি ব্যবহার করার আগে এই ম্যানুয়ালটি মনোযোগ সহকারে পড়ুন এবং বুঝুন। নির্দেশাবলী অবহেলা করলে ব্যক্তিগত আঘাত ঘটতে পারে এবং মোটরসাইকেল এর ক্ষতি হতে পারে।
- এমন ব্যাটারি ব্যবহার করবেন না যেখানে ইলেক্ট্রোলাইট সর্বনিম্ন দাগ অথবা বা তারও নীচে থাকে। ব্যাটারিটি বিস্ফোরিত হতে পারে এবং গুরুতর আঘাতের কারণ হতে পারে।
- ব্যাটারি ভেঙে ফেলবেন না।
- ব্যাটারির ২ টার্মিনাল এর মধ্যে স্ট করবেন না।

নিরাপত্তা সতর্কতা

- সাবধানে মোটরসাইকেল চালান এবং হাত হ্যান্ডেলবারে এবং পা ফুটপ্যাগের (পাদানির) উপর রাখুন।
- আপনার যাত্রীকে মোটরসাইকেল চালানোর সময় তাদের হাত গ্র্যাব রেইল (মোটরসাইকেল এর সিটের পেছনের লোহার শক্ত অংশ) বা আপনার কোমরে এবং তাদের পা-ফুটপ্যাগের (পাদানির) উপর রাখতে বলুন।
- সব সময় আপনার যাত্রীর নিরাপত্তার কথা বিবেচনা করুন, সেইসাথে অন্যান্য চালক এবং আরোহীদেরও।

নিরাপত্তামূলক পোশাক

নিশ্চিত করুন যে আপনি এবং আপনার যাত্রী একটি অনুমোদিত হেলমেট, চোখের নিরাপত্তা সরঞ্জাম এবং উচ্চ ভিজিবিলাটি আছে এমন সুরক্ষামূলক পোশাক পরে আছেন। এমন ঢিলেঢালা পোশাক পরবেন না যা মোটরসাইকেলের যেকোনো অংশে আটকে যেতে পারে। আবহাওয়া এবং রাস্তার পরিস্থিতির বুঝে মোটরসাইকেল চালান।

■ হেলমেট

সেইফটি স্ট্যান্ডার্ড সার্টিফাইড, অনেক বেশী দেখা যাবে এমন এবং আপনার মাথার জন্য সঠিক আকারের হতে হবে।

- নিরাপদে কিন্তু আরামদায়ক ভাবে ফিট হতে হবে, খুঁতনির স্ট্র্যাপ বেঁধে রাখতে হবে।

- হেলমেটের মুখ রক্ষা করার অংশ অথবা চোখের অন্যান্য সুরক্ষা সরঞ্জাম (অনুমোদন আছে এমন) এমন হবে যাতে দেখতে অসুবিধা না হয়।

⚠ সতর্কতা

হেলমেট না পরলে দুর্ঘটনায় গুরুতর আঘাত বা মৃত্যুর সম্ভাবনা বেড়ে যায়।

নিশ্চিত করুন যে আপনি এবং যেকোনো যাত্রী সর্বদা একটি অনুমোদিত হেলমেট এবং নিরাপত্তামূলক পোশাক পরেন।

■ গ্লাভস

আঙ্গুল সম্পূর্ণ ঢেকে রাখে এমন চামড়ার গ্লাভস যা উচ্চ ঘর্ষণ প্রতিরোধ করতে সক্ষম।

■ বুট বা রাইডিং জুতা

স্লিপ করবেনা এমন তলা এবং গোড়ালি সুরক্ষা থাকে এমন মজবুত বুট পরুন।

■ জ্যাকেট এবং ট্রাইডজার্স

আপনাকে রক্ষা করতে পারে, দূর থেকে স্পষ্ট দেখা যায় এমন লম্বা হাতার জ্যাকেট এবং রাইডিংয়ের জন্য টেকসই ট্রাইডজার্স (অথবা আপনাকে রক্ষা করতে পারে এমন একটি স্যুট)।

মোটরসাইকেল চালানোর সময় সাবধানতা

রানিং ইন পিরিয়ড

প্রথম ৫০০ কিলোমিটার (৩০০ মাইল) চালানোর সময়, আপনার মোটরসাইকেল এর ভবিষ্যতের নির্ভরযোগ্যতা এবং কর্মক্ষমতা নিশ্চিত করতে এই গাইডলাইন গুলো অনুসরণ করুন।

- ফুল-থ্রোটল স্টার্ট দেয়া এবং দ্রুত গতি বাড়ানো এড়িয়ে চলুন।
- হার্ড ব্রেকিং এবং দ্রুত ডাউনশিফট এড়িয়ে চলুন।
- ধীরে সুস্থে মোটরসাইকেল চালান।

ব্রেক

নিম্নলিখিত গাইডলাইন গুলো পালন করুন:

- অতিরিক্ত জোরে ব্রেক করা এবং অতিরিক্ত ডাউনশিফট করা এড়িয়ে চলুন।
 - ▶ হঠাৎ ব্রেক করলে মোটরসাইকেল এর স্টেবিলিটি কমিয়ে দিতে পারে।
 - ▶ সম্ভব হলে, বাঁক নেওয়ার আগে গতি কমিয়ে দিন; অন্যথায়, আপনি পিছলে পড়ার ঝুঁকিতে থাকবেন।

- কম ট্র্যাকশনের জায়গায় সাবধানতা অবলম্বন করুন
 - ▶ এই ধরনের জায়গায় টায়ারগুলি আরও সহজে পিছলে যায় এবং ব্রেক করলে থামতে দূরত্ব বেশী নেয়।
- একটানা ব্রেক করা এড়িয়ে চলুন।
 - ▶ দীর্ঘ, খাড়া ঢাল বেয়ে নামার সময় বারবার ব্রেক করলে ব্রেকগুলি অতিরিক্ত গরম হতে পারে, যার ফলে তাদের কার্যকারিতা হ্রাস পায়। গতি কমাতে ইঞ্জিন ব্রেকিং ব্যবহার করুন এবং মাঝে মাঝে ব্রেক ব্যবহার করুন।
- পুরো ব্রেকিং পাওয়ার জন্য, সামনের এবং পিছনের উভয় ব্রেক একসাথে চাপুন।

কম্বি ব্রেক

আপনার মোটরসাইকেল এ একটি ব্রেক সিস্টেম রয়েছে যা ব্রেকিং ফোর্স সামনের এবং পিছনের ব্রেকের মধ্যে বিতরণ করে দেয়।

শুধুমাত্র লিভার চালানোর সময় এবং শুধুমাত্র প্যাডেল চালানোর সময় সামনের এবং পিছনের ব্রেকগুলিতে প্রয়োগ করা ব্রেকিং ফোর্স ভিন্ন ভাবে বন্টন হয়।

চালানোর সতর্কতা

সম্পূর্ণ ব্রেকিং কার্যকারিতার জন্য, সামনের এবং পিছনের উভয় ব্রেক একসাথে চাপুন।

■ ইঞ্জিন ব্রেকিং

থ্রোটল ছেড়ে দিলে ইঞ্জিন ব্রেকিং আপনার মোটরসাইকেল এর গতি কমাতে সাহায্য করে। গতি আরও কমিয়ে আনার জন্য, নিচের গিয়ারে ডাউনশিফট করে দিন। লম্বা, খাড়া ঢাল বেয়ে নামার সময় গতি কমাতে ইঞ্জিন ব্রেকিং ব্যবহার করুন এর সাথে মাঝে মাঝে ব্রেক ব্যবহার করুন।

■ ভেজা বা বৃষ্টির কন্ডিশন

ভেজা কন্ডিশনে রাস্তার উপরিভাগ পিচ্ছিল থাকে এবং ভেজা ব্রেক ব্রেকিং দক্ষতা আরও কমিয়ে দেয়। ভেজা কন্ডিশনে ব্রেক করার সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করুন।

যদি ব্রেক ভিজে যায়, তাহলে কম গতিতে মোটরসাইকেল চালানোর সময় ব্রেক চাপুন যাতে সেগুলো শুকিয়ে যেতে পারে।

পার্কিং

- একটি শক্ত, সমতল জায়গায় মোটরসাইকেল পার্ক করুন।
- যদি আপনাকে সামান্য ঢালু বা আলগা জায়গায় মোটরসাইকেল পার্ক করতেই হয়, তাহলে এমনভাবে মোটরসাইকেল পার্ক করুন যাতে মোটরসাইকেলটি নড়তে না পারে বা পড়ে না যায়।

- নিশ্চিত করুন যে মোটরসাইকেল এর যেই পার্টস গুলা গরম হয় সেগুলি দাহ্য পদার্থের সংস্পর্শে না আসে।
- ইঞ্জিন, মাফলার, ব্রেক এবং অন্যান্য উচ্চ-তাপমাত্রার যন্ত্রাংশ ঠান্ডা না হওয়া পর্যন্ত স্পর্শ করবেন না।
- চুরির সম্ভাবনা কমাতে, সব সময়ই হ্যান্ডেলবারটি লক করুন এবং মোটরসাইকেলটি একা রেখে যাওয়ার সময় চাবিটি সরিয়ে ফেলুন।

■ সাইড স্ট্যান্ড বা সেন্টার স্ট্যান্ড দিয়ে পার্কিং

১. ইঞ্জিন বন্ধ করুন।

২. সাইড স্ট্যান্ড ব্যবহার করুন

সাইড স্ট্যান্ডটি ঠেলে নিচে নামিয়ে দিন।


মোটরসাইকেলটিকে ধীরে ধীরে বাম দিকে ঝুকান যতক্ষণ না এর ওজন সাইড স্ট্যান্ডের উপর আসে।

হ্যান্ডেলবারটি সম্পূর্ণ বাম দিকে ঘুরিয়ে দিন।

► হ্যান্ডেলবারটি ডান দিকে ঘুরিয়ে দিলে স্টেবিলিটি কমে যায় এবং মোটরসাইকেলটি পড়ে যেতে পারে।

সেন্টার স্ট্যান্ড ব্যবহার করে

সেন্টার স্ট্যান্ড নামাতে, মোটরসাইকেল এর বাম দিকে দাঁড়ান। বাম হাতলের গ্রিপ এবং গ্র্যাব রেইল (মোটরসাইকেল এর সিটের পেছনের লোহার শক্ত অংশ) ধরে রাখুন। ডান পা দিয়ে সেন্টার স্ট্যান্ডের ডগায় চেপে ধরুন এবং একই সাথে উপরে ও পিছনে টানুন।



৩. ইগনিশন সুইচটি লক অবস্থানে ঘুরিয়ে রেখে চাবিটি খুলে ফেলুন। ♦পৃ. ৩২

ফুয়েল ভরা এবং ফুয়েল গাইডলাইন

ইঞ্জিন, ফুয়েল সিস্টেম এবং কেটালিটিক কনভার্টার সুরক্ষিত রাখতে এই গাইডলাইন অনুসরণ করুন

- শুধুমাত্র সীসাবিহীন অকটেন ব্যবহার করুন।
- রেকমেন্ড করা নম্বর এর অকটেন ব্যবহার করুন।
- কম গ্রেডের অকটেন ব্যবহার করলে ইঞ্জিনের কর্মক্ষমতা কমে যাবে।
- পুরনো বা দূষিত অকটেন বা অকটেন/পেট্রলের মিশ্রণ ব্যবহার করবেন না।
- ফুয়েল ট্যাঙ্কে ময়লা বা পানি জমে থাকতে দিবেন না।

এক্সেসরিজ ও মোডিফিকেশন

আমরা প্রবলভাবে পরামর্শ দিচ্ছি যে আপনি এমন কোনও এক্সেসরিজ লাগাবেন না যা আপনার হোন্ডা মোটরসাইকেল এর জন্য বিশেষভাবে ডিজাইন করা হয়নি অথবা আপনার মোটরসাইকেল এর মূল নকশা কে পরিবর্তন করবেন না।

এটা করলে মোটরসাইকেলটি অনিরাপদ হয়ে উঠতে পারে।

আপনার মোটরসাইকেলটি মোডিফাই করলে আপনার ওয়ারেন্টি বাতিল হয়ে যেতে পারে এবং আপনার মোটরসাইকেলটি পাব্লিক রাস্তায় চালানোর জন্য অবৈধ হয়ে যেতে পারে।

আপনার মোটরসাইকেলটিতে এক্সেসরিজ ইনস্টল করার সিদ্ধান্ত নেওয়ার আগে, নিশ্চিত করুন যে মোডিফিকেশনটি নিরাপদ এবং আইনত বৈধ।

⚠ সতর্কতা

অনুপযুক্ত এক্সেসরিজ বা মোডিফিকেশন এর কারনে দুর্ঘটনা ঘটতে পারে যার ফলে আপনি গুরুতর আহত বা নিহত হতে পারেন।

এই ওনার্স ম্যানুয়ালটিতে থাকা এক্সেসরিজ এবং মোডিফিকেশন সম্পর্কিত সমস্ত নির্দেশাবলী অনুসরণ করুন।

আপনার মোটরসাইকেলটির সাথে ট্রেলার টানবেন না, অথবা সাইডকার লাগাবেন না। আপনার মোটরসাইকেলটি এইসবের জন্য ডিজাইন করা হয়নি, এবং এগুলি ব্যবহার আপনার মোটরসাইকেল এর হেল্ডেলিং মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করতে পারে।

লোডিং

- অতিরিক্ত ওজন বহন করলে আপনার মোটরসাইকেল এর হ্যান্ডলিং, ব্রেকিং এবং স্টেবিলিটির উপর প্রভাব পড়ে। ভার বহন করলে সব সময় নিরাপদ গতিতে মোটরসাইকেল চালান
- অতিরিক্ত ভার বহন করা এড়িয়ে চলুন এবং নির্দিষ্ট ভার সীমার মধ্যে রাখুন।

সর্বোচ্চ ওজন ধারণক্ষমতা *পৃ. ১০৪

- সমস্ত লাগেজ নিরাপদে, সমানভাবে ব্যালেন্স করে এবং বাইকের মাঝ বরাবর বেঁধে দিন।
- লাইট গুলার কাছে বা মাফলারের কাছে কোনও জিনিস রাখবেন না।

⚠ সতর্কতা


অতিরিক্ত লোড নেয়া বা ভুল ভাবে লোডিং দুর্ঘটনার কারণ হতে পারে এবং আপনি গুরুতর আহত বা নিহত হতে পারেন।

এই ম্যানুয়ালটিতে থাকা সমস্ত লোড সীমা এবং অন্যান্য লোডিং গাইডলাইন অনুসরণ করুন।

বেসিক অপারেশন ধারা

রাইড শুরু করার আগে ইন্সপেকশন ➡ পৃ.৪৯

আপনার মোটরসাইকেলটি চালানোর জন্য নিরাপদ কিনা সেটা ভালোভাবে পরীক্ষা করুন।



এক্সেলারেশন

ধীরে ধীরে থ্রোটল বাড়ান।
গতিসীমা (স্পীড লিমিট) মেনে চলুন।



শিফট পরিবর্তন ➡ পৃ.৪০

ইঞ্জিন স্টার্ট করা ➡ পৃ.৩৭

ইঞ্জিন স্টার্ট করুন।
ইঞ্জিন রেভ করা এড়িয়ে চলুন।



মোটরসাইকেল স্টার্ট করা

বেসিক ফিচার গুলো কীভাবে ব্যবহার করবেন।

ইন্সট্রুমেন্টস ➡ পৃ.১৮

ইন্ডিকেটর ➡ পৃ.২৮

সুইচ ➡ পৃ.৩০

স্টিয়ারিং লক ➡ পৃ.৩২

মোটরসাইকেল সামনে আগানোর আগে,
টার্ন সিগন্যাল সুইচ দিয়ে আপনার দিক
নির্দেশ করুন এবং অন্যান্য যানবাহন
আসছে কিনা দেখুন।



ব্রেকিং

থামুন



থ্রোটল বন্ধ করুন এবং সামনের এবং পিছনের ব্রেক একসাথে চাপুন।

► ব্রেকলাইটটি নির্দেশ করবে যে আপনি ব্রেক প্রয়োগ করেছেন।

থামানো

যদি রাস্তার পাশে থেমে যেতে চাচ্ছেন, তাহলে আগেভাগে সিগনাল দিন যাতে অন্যান্য চালকেরা বুঝতে পারে যে আপনি রাস্তার পাশে থামতে চাচ্ছেন, এরপর ভালো ভাবে (মসৃণভাবে) থামুন।



কন্সার নেয়া

বাক নেয়ার আগে ব্রেক করুন।



মোড় থেকে বেরিয়ে আসার সময় ধীরে ধীরে থ্রোটল আবার ঘুরান।

পার্কিং

► পৃ.১০

শক্ত সমতল পৃষ্ঠে মোটরসাইকেল পার্ক করুন। স্ট্যান্ড ব্যবহার করুন এবং স্টিয়ারিং (হেভেল) লক করুন।





ফ্যুয়েল ভরা

► পৃ.৪১



পার্টস লোকেশন






ইন্সট্রুমেন্টস



ডিসপ্লে চেক

ইগনিশন সুইচটি যখন অন পজিশনে আনা হবে, তখন প্রাথমিক অ্যানিমেশনটি দেখানো হবে। যদি এই ডিসপ্লে কোনও অংশ নির্ধারিত সময়ে না আসে, তাহলে আপনার ডিলারকে সমস্যার জন্য পরীক্ষা করতে বলুন।



ফুয়েল গ্যেজ

যখন ১ম (E) সেগমেন্টটি জ্বলতে শুরু করবে তখন অবশিষ্ট ফুয়েল: প্রায় ০.৮ লিটার (০.২ মার্কিন গ্যালন, ০.১৮ ইম্প গ্যালন)

যদি ফুয়েল পরিমাপক ইন্ডিকেটরটি পুনরাবৃত্তিমূলকভাবে জ্বলে ওঠে বা বন্ধ হয়ে  পৃ.৮২

নোটিশ

রিডিং ১ম (E) সেগমেন্টের কাছাকাছি এলে আপনার ফুয়েল ভরতে হবে। ফুয়েল ফুরিয়ে গেলে ইঞ্জিনটি মিসফায়ার করতে পারে, যার ফলে ক্যাটালিটিক কনভার্টার ক্ষতিগ্রস্ত হতে পারে।

ওডোমিটার [মোট], ট্রিপমিটার [TRIP A/B], বর্তমান ফুয়েল মাইলেজ, গড় ফুয়েল মাইলেজ [গড়], কত দূরত্ব ড্রাইভ করা যাবে [রেঞ্জ]  পৃ.২০

সার্ভিস ডিউ ইন্ডিকেটর  পৃ.২৩

গিয়ার পজিশন ইন্ডিকেটর

গিয়ার পজিশন ইন্ডিকেটরে গিয়ার পজিশন দেখানো হয়েছে।

ঘড়ি (১২-ঘন্টা ডিসপ্লে)


ঘড়ি সেট করতে:  পৃ.২৭



ইনস্ট্রুমেন্টস (চলমান)

ওডোমিটার [মোট], ট্রিপমিটার [TRIP A/B], বর্তমান ফ্যুয়েল মাইলেজ, গড় ফ্যুয়েল মাইলেজ [A গড়], কত দূরত্ব ড্রাইভ করা যাবে [রেঞ্জ]

SEL বাটন ওডোমিটার, ট্রিপমিটার A, ট্রিপমিটার B, বর্তমান ফ্যুয়েল মাইলেজ, গড় ফ্যুয়েল মাইলেজ এবং কত দূরত্ব ড্রাইভ করা যাবে এর মধ্যে যেকোনো টা সিলেক্ট করে।



■ ওডোমিটার [মোট]

মোট কত দূরত্ব অতিক্রম করেছেন।

যখন “-----” প্রদর্শিত হবে, তখন সার্ভিসের জন্য আপনার ডিলারের কাছে যান।

■ ট্রিপমিটার [TRIP A/B]

ট্রিপমিটার রিসেট করার পর থেকে কত দূরত্ব অতিক্রম করা হয়েছে।

“----.-” প্রদর্শিত হলে, সার্ভিসের জন্য আপনার ডিলারের কাছে যান।

ট্রিপমিটার রিসেট করতে: ➡ পৃ.২৪

■ বর্তমান ফুয়েল মাইলেজ

বর্তমান ফুয়েল মাইলেজ প্রদর্শন করে।

ডিসপ্লে রেঞ্জ: ০.০ থেকে ৯৯.৯ কিমি/লিটার

- ৯৯.৯ কিমি/লিটারের বেশি: “৯৯.৯” প্রদর্শিত হয়।
- যদি আপনার গতি প্রায় ৫ কিমি/ঘন্টার কম হয় অথবা ইগনিশন সুইচ চালু করার পরপরই, “--.-” প্রদর্শিত হবে।

উপরে উল্লিখিত ক্ষেত্রগুলি ছাড়া যখন “--.-” প্রদর্শিত হয়, তখন সার্ভিসের জন্য আপনার ডিলারের কাছে যান।

ইন্সট্রুমেন্টস (চলমান)

■ গড় ফুয়েল মাইলেজ [A গড়]

ট্রিপমিটার A রিসেট করার পর থেকে গড় ফুয়েল মাইলেজ প্রদর্শন করে।

গড় ফুয়েল মাইলেজ ট্রিপমিটার A এর উপর ভিত্তি করে হবে।

ডিসপ্লে রেঞ্জ: ০.০ থেকে ৯৯.৯ কিমি/লিটার

- ৯৯.৯ কিমি/লিটারের বেশি: “৯৯.৯” প্রদর্শিত হয়।
- যখন ট্রিপমিটার A রিসেট করা হয়: “--.-” প্রদর্শিত হয়।

উপরে উল্লিখিত কারন ছাড়া যখন “--.-” প্রদর্শিত হয়, তখন সার্ভিসের জন্য আপনার ডিলারের কাছে যান।

গড় ফুয়েল মাইলেজ রিসেট করতে: ➡ পৃ.২৪

■ আরও কতদূর চালানো যাবে [রেঞ্জ]

অবশিষ্ট ফুয়েল দিয়ে আপনি কত দূরত্ব ভ্রমণ করতে পারবেন তা প্রদর্শন করে।

এটি সিলেক্ট করতে পারবেন না যখন ফুয়েল গ্যেজ এর সব সেগমেন্ট এর লাইট জ্বলে থাকবে।

ডিসপ্লে রেঞ্জ: ৯৯৯ থেকে ৫ কিমি

- ৯৯৯ কিমি উপরে: “৯৯৯” প্রদর্শিত হয়।
- ৫ কিলোমিটারের কম অথবা অবশিষ্ট ফুয়েল এর পরিমাণ ০.১ লিটারের কম অথবা ফুয়েল গেজ শুধুমাত্র ১ম (E) অংশের ফ্ল্যাশিং হলে: “---” প্রদর্শিত হয়।

দেখানো এভেইলেবল ড্রাইভিং দূরত্ব কত সেটা ড্রাইভিং অবস্থার উপর ভিত্তি করে গণনা করা হয়, এবং নির্দেশিত সংখ্যাটি সবসময় প্রকৃত এভেইলেবল দূরত্ব নাও হতে পারে।

ট্রিপমিটার রিসেট করার কিছুক্ষণ পর পর্যন্ত ট্রিপমিটার A: “---” প্রদর্শিত হয়।

উপরে উল্লিখিত কারন ছাড়া যখন “---” প্রদর্শিত হয়, তখন সার্ভিসের জন্য আপনার ডিলারের কাছে যান।

এভেইলেবল ড্রাইভিং দূরত্ব রিসেট করতে: ➡ পৃ.২৪

■ সার্ভিস ডিউ ইন্ডিকেটর

প্রথমবারের মতো যখন মোটরসাইকেল চলার দূরত্ব প্রায় ১,০০০ কিলোমিটারে পৌঁছায় তখন এটি চালু হয় এবং তার ২৫০ কিলোমিটার আগে এটি জ্বলতে নিভতে শুরু করে।

এরপর, এটি প্রতি ৬,০০০ কিলোমিটার পর পর চালু হবে এবং তার ৫০০ কিলোমিটার আগে জ্বলতে নিভতে শুরু করবে।

এটি নির্দেশ করে যে আপনার মোটরসাইকেলটি সার্ভিসের জন্য নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করেছে।

এটি চালু হয়ে গেলে, সার্ভিসের জন্য আপনার ডিলারের কাছে যান।

মোটরসাইকেল সার্ভিসিং করার পর, ইন্ডিকেটরটি রিসেট করতে ভুলবেন না।

সার্ভিস ডিউ ইন্ডিকেটর কিভাবে রিসেট করবেন

ইগনিশন সুইচটি ঘুরিয়ে অন অবস্থায় নেয়ার সময় **SET** সুইচটি চেপে ধরে রাখুন এবং **SET** সুইচটি ৩ সেকেন্ডের বেশী সময় ধরে চেপে ধরে রাখুন।

- ▶ রিসেট না করা পর্যন্ত ইন্ডিকেটরটি বন্ধ হয় না।
- ▶ যদি আপনার মোটরসাইকেলটি সার্ভিস ডিউ ইন্ডিকেটর চালু হওয়ার আগে সার্ভিস করা হয়ে থাকে, তাহলে মোটরসাইকেলটি সার্ভিস করার পরে সার্ভিস ডিউ ইন্ডিকেটর রিসেট করতে ভুলবেন না।

ইন্সট্রুমেন্টস (চলমান)

■ ট্রিপমিটার [TRIP A/B] রিসেট করতে, গড় ফুয়েল মাইলেজ [A গড়] এবং কত দূরত্ব ড্রাইভ করা যাবে [রেঞ্জ]

ট্রিপমিটার A, গড় ফুয়েল মাইলেজ এবং কত দূরত্ব ড্রাইভ করা যাবে সব একসাথে রিসেট করতে, ট্রিপমিটার A প্রদর্শিত অবস্থায় **SET** বাটন টিপুন এবং ধরে রাখুন।

TRIP A 90.0 km



TRIP A 0.0 km

ট্রিপমিটার A

ট্রিপমিটার B রিসেট করতে, ট্রিপমিটার B প্রদর্শিত অবস্থায় **SET** বাটন টিপুন এবং ধরে রাখুন।

TRIP B 56.0 km



TRIP B 0.0 km

ট্রিপমিটার B

ডিসপ্লে সেটিং


নিম্নলিখিত আইটেমগুলি ক্রমানুসারে পরিবর্তন করা যেতে পারে।

- ECO ইন্ডিকেটরটি সক্রিয় বা নিষ্ক্রিয় করুন
- ঘড়ির সেটিং

যদি বোতামগুলি প্রায় ৩০ সেকেন্ড ধরে চাপ দেয়া না থাকে, তাহলে কন্ট্রোল স্বয়ংক্রিয়ভাবে সেটিং মোড থেকে সাধারণ ডিসপ্লেতে সুইচ হয়ে যাবে।

যদি বোতামগুলি প্রায় ৩০ সেকেন্ড ধরে চাপ দেয়া না থাকে, তাহলে যেসব আইটেম সেট করা হচ্ছিল সেগুলো বাতিল হয়ে শুধু মাত্র যেসব আইটেম সেট করা হয়েছে সেগুলো এপ্লাই হবে।

শুধুমাত্র যদি ইগনিশন সুইচটি বন্ধ পজিশনে নেয়া হয়, তাহলে যেসব আইটেম সেট করা হচ্ছিল এবং যেসব আইটেম চূড়ান্ত করা হয়েছে ওগুলোই এপ্লাই হবে।



➡ **SEL** এবং **SET** বাটন গুলো চেপে ধরে রাখুন
 ➡ **SET** বাটন চাপুন

ইস্ট্রুমেন্টস (চলমান)

১ ECO ইন্ডিকেটর এক্টিভেট অথবা ডিএক্টিভেট করুন

- ১ ইগনিশন সুইচটি ঘুরিয়ে ON পজিশনে নিন
- ২ ওডোমিটার [TOTAL] প্রদর্শিত হলে, ECO ইন্ডিকেটরটি জ্বলা নেভা শুরু না হওয়া পর্যন্ত **[SEL]** এবং **[SET]** বাটন টিপুন এবং ধরে রাখুন।
- ৩ “ON” (Activate) অথবা “OFF” (Deactivate) সিলেক্ট করতে **[SEL]** বাটন চাপুন



- ৪ **[SET]** চাপুন, ECO ইন্ডিকেটর সেট হবে, তারপর ডিসপ্লে ঘড়ির সেটিংস এ যাবে।

২ ঘড়ির সেটিংস

① পছন্দসই ঘন্টা প্রদর্শিত না হওয়া পর্যন্ত **SEL** বোতাম টিপুন।

► ঘন্টা দ্রুত এগিয়ে নিতে **SEL** বোতাম টিপুন এবং ধরে রাখুন।



② **SET** বাটন টিপুন, মিনিট ডিজিট জ্বলা নেভা শুরু করবে।



③ কাক্ষিত মিনিট ডিসপ্লে হওয়ার আগ পর্যন্ত **SEL** বাটন চাপুন

► মিনিট তারাতারি বাড়ানোর জন্য **SEL** বাটন চেপে ধরে রাখুন



⑧ **SET** বাটন চাপুন, ঘড়ি সেট হয়েছে, তারপর ডিসপ্লে স্পিড পরিবর্তন ও মাইলেজ ইউনিট এ যাবে।

ইন্ডিকেটর

যদি এই ইন্ডিকেটর গুলোর মধ্যে একটিও যদি নির্ধারিত সময়ে না আসে, তাহলে আপনার ডিলারকে সমস্যার জন্য পরীক্ষা করতে বলুন।

 **PGM-FI (প্রোগ্রামড ফ্যুয়েল ইনজেকশন) ত্রুটি**
ইন্ডিকেটর বাতি (MIL)

ইগনিশন সুইচটি ON পজিশনে ঘুরিয়ে রাখলে অল্প সময়ের জন্য চালু হয়।

ইঞ্জিন চলাকালীন যদি এটি জ্বলে ওঠে বা জ্বলতে আর নিভতে থাকেঃ ➡ পৃ.৮১

➡ **ডান দিকে টার্ন নেয়ার**
ইন্ডিকেটর

➡ **বাম দিকে টার্ন নেয়ার**
ইন্ডিকেটর


 **সাইড স্ট্যান্ড ইন্ডিকেটর:**
সাইড স্ট্যান্ড নামানো হলে এটি জ্বলে ওঠে।
সাইড স্ট্যান্ড উঠু করলে এটি নিভে যায়।

ECO ইন্ডিকেটর

ফ্যুয়েল এর ব্যবহার বাড়লে, ECO ইন্ডিকেটরটি চালু হবে।

► মোটরসাইকেলটি থামলে, ECO ইন্ডিকেটরটি বন্ধ হয়ে যাবে।

ECO ইন্ডিকেটরটি সক্রিয় বা নিষ্ক্রিয় করতে: ➡ পৃ.২৬



(A) আইডলিং স্টপ ইন্ডিকেটর

যখন ইগনিশন সুইচটি চালু থাকে অবস্থায় আইডলিং স্টপ সুইচটি

(A) (আইডলিং স্টপ) অবস্থানে থাকে তখন অল্প সময়ের জন্য চালু হয়।

আইডলিং স্টপ সিস্টেম: ➡ পৃ.৩৩

N নিউট্রাল ইন্ডিকেটর

যখন ট্রান্সমিশন নিরপেক্ষ অবস্থায় থাকে তখন এটি চালু হয়।



► সুইচ টিপলে টার্ন সিগন্যাল বন্ধ হয়ে যায়।

-  পাসঃ হেডলাইট হাই বিম ফ্লাস করে।

h

হর্ন বাটন

⚡ ইগনিশন সুইচ


বৈদ্যুতিক সিস্টেম অন/অফ করে, স্টিয়ারিং লক করে।

► অফ বা লক অবস্থানে থাকাকালীন চাবি সরানো যেতে পারে।

অন —
স্টার্ট/রাইডিংয়ের জন্য বৈদ্যুতিক সিস্টেম
চালু করে।

অফ —
ইঞ্জিন অফ করে।

লক —
স্টিয়ারিং লক করে।




সুইচ (চলমান)

স্টিয়ারিং লক

চুরি প্রতিরোধে সাহায্য করার জন্য পার্কিং করার সময় স্টিয়ারিং লক করুন।

একটি U-আকৃতির চাকা লক বা অনুরূপ ডিভাইসও সুপারিশ করা হয়।



লকিং

- ১ হ্যান্ডেলবারটি বাম বা ডানদিকে ঘুরিয়ে দিন।
- ২ কী নীচে পুশ করুন এবং ইগনিশন সুইচটিকে লক অবস্থানে ঘুরিয়ে দিন।
 - ▶ লকটি নিযুক্ত করা কঠিন হলে হ্যান্ডেলবারটি ঝাঁকুনি দিন।
- ৩ কী অপসারণ করুন।

আনলকিং

কী প্রবেশ করুন এবং ইগনিশন সুইচটি অফ অবস্থানে ঘুরান।

আইডলিং স্টপ সিস্টেম

কোনও কারনে অপেক্ষা করার সময় অথবা কোন মোড়ে আইডলিং স্টপ এর মাধ্যমে আইডলিং স্টপ সিস্টেমটি ফুয়েল খরচ এবং শব্দ কমাতে সাহায্য করার জন্য ডিজাইন করা হয়েছে।

■ আইডলিং স্টপ সিস্টেম চালু বা বন্ধ করা

আইডলিং স্টপ সুইচ ব্যবহার করে আইডলিং স্টপ সিস্টেম চালু বা বন্ধ করে।

• অন: (A) (আইডলিং স্টপ)


- ▶ যখন আইডলিং স্টপ সিস্টেমটি রাইডিং করার সময় ইঞ্জিন বন্ধ করার জন্য প্রস্তুত হয় তখন আইডলিং স্টপ ইন্ডিকেটরটি চালু হয়। আইডলিং স্টপ সিস্টেম যখন ইঞ্জিন বন্ধ করে দেয় তখন আইডলিং স্টপ ইন্ডিকেটরটি জ্বলে ওঠে।

• অফ: (A) (আইডলিং)


- ▶ আইডলিং স্টপ সিস্টেম বন্ধ থাকলে আইডলিং স্টপ ইন্ডিকেটর চালু হয় না।

আইডলিং স্টপ সুইচ/

④ স্টার্ট বাটন



আইডলিং স্টপ ইন্ডিকেটর



আইডলিং স্টপ সিস্টেম (চলমান)

আইডলিং স্টপ সিস্টেম এক্টিভেট করা

আইডলিং স্টপ সিস্টেম ইঞ্জিন বন্ধ করার জন্য প্রস্তুত হয়ে যায় এবং (A) (আইডলিং স্টপ) অবস্থানে আইডলিং স্টপ সুইচের সাথে নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলি পূরণ হলে আইডলিং স্টপ ইন্ডিকেটরটি চালু হয়:

- সাইড স্ট্যান্ডটি উপরে উঠানো থাকলে।
- স্টার্ট বাটন টিপে ইঞ্জিন চালু করলে।
- ইঞ্জিন যথেষ্ট গরম থাকলে।
- ১০ কিমি/ঘন্টা (৬ মাইল প্রতি ঘন্টা) এর বেশি গতিতে মোটরসাইকেল চালানো হলে।


■ আইডলিং স্টপ ইন্ডিকেটর চালু হচ্ছে না: ➡ পৃ.৮৩

আইডলিং স্টপ সিস্টেমের মাধ্যমে ইঞ্জিন বন্ধ করা

আইডলিং স্টপ ইন্ডিকেটর চালু থাকাকালীন থ্রোটল সম্পূর্ণরূপে বন্ধ করে এবং ক্ল্যাচ সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন করে মোটরসাইকেল থামানোর পর ইঞ্জিন বন্ধ হয়ে যায় এবং আইডলিং স্টপ ইন্ডিকেটর ফ্ল্যাশ করে।

► আইডলিং স্টপ সিস্টেম দ্বারা ইঞ্জিন বন্ধ করার সময়, আপনি যদি আইডলিং স্টপ সুইচটি (A) (আইডলিং) এ চাপ দেন, তাহলে আইডলিং স্টপ সিস্টেমটি বাতিল হয়ে যাবে। থ্রোটল দিলেও ইঞ্জিনটি পুনরায় চালু হবে না।

আইডলিং স্টপ ইন্ডিকেটর



আইডলিং স্টপ সিস্টেমের জন্য নিরাপত্তা সতর্কতা

আইডলিং স্টপ ইন্ডিকেটর জ্বলতে থাকা অবস্থায় মোটরসাইকেল থেকে দূরে যাবেন না।

যখন আপনি মোটরসাইকেল থেকে দূরে যাবেন, তখন সর্বদা ইগনিশন সুইচটি ঘুরিয়ে দিন বন্ধ করে দিন।

► থ্রোটল খোলা থাকলে ইঞ্জিনটি অপ্রত্যাশিতভাবে স্টার্ট হতে পারে।

■ আইডলিং স্টপ ইন্ডিকেটর চালু থাকাকালীন আইডলিং স্টপ সিস্টেম ইঞ্জিন বন্ধ করে না: ➡ পৃ.৮৪

নোটিশ

আইডলিং স্টপ সিস্টেম দিয়ে দীর্ঘক্ষণ থামলে ব্যাটারি ডিসচার্জ হতে পারে।

ইঞ্জিন পুনরায় চালু করা

আইডলিং স্টপ ইন্ডিকেটরটি জ্বলছে কিনা তা পরীক্ষা করুন এবং তারপর থ্রোটল দিন।

► যদি এটি ফ্ল্যাশ না করে, তাহলে থ্রোটল খুলে দিলেও, আপনি আইডলিং স্টপ সিস্টেম দিয়ে ইঞ্জিনটি পুনরায় চালু করতে পারবেন না।

► যদি আইডলিং স্টপ সিস্টেম দ্বারা ইঞ্জিন বন্ধ করার সময় নিম্নলিখিত কাজগুলি করা হয়, ফ্ল্যাশিং আইডলিং স্টপ ইন্ডিকেটরটি বন্ধ হয়ে যায় বা ফ্ল্যাশিং বন্ধ করে এবং চালু থাকে, তাহলে ইঞ্জিনটি পুনরায় চালু হবে না এমনকি থ্রোটল যদি দেয়া ও হয়।

- সাইড স্ট্যান্ডটি অপারেট করার সময়।
- মোটরসাইকেলটি যদি পড়ে যায়।

আইডলিং স্টপ সিস্টেম (চলমান)

আইডলিং স্টপ ইন্ডিকেটর যখন ফ্ল্যাশ করছে না তখন ইঞ্জিনটি পুনরায় চালু করতে, ট্রান্সমিশনটিকে নিউট্রাল করুন এবং স্টার্ট বাটন/আইডলিং স্টপ সুইচ টিপুন। (নিউট্রাল ছাড়া রিস্টার্ট করতে, ব্রেকটি শক্ত করে ধরুন, এবং তারপর স্টার্ট বোতাম/আইডলিং স্টপ সুইচ টিপুন।)

থ্রোটল খোলা থাকার পরেও ইঞ্জিন চালু হয় না: ➡ পৃ.৮৪

ক্লাচ কেবল ফ্রিপে সঠিকভাবে এডজাস্ট না করা হলে আইডলিং স্টপ সিস্টেম কাজ করবে না।

ক্লাচ লিভার ফ্রিপে পরীক্ষা করা: ➡ পৃ.৭৪

নোটিশ

যদি যন্ত্রাংশ (হ্যান্ডেল গ্রিপ এবং/অথবা ক্লাচ লিভার) হোন্ডা-বহির্ভূত পার্টস দিয়ে প্রতিস্থাপন করা হয়, তাহলে প্রতিটি অংশের ডায়ামিটার পরিবর্তনের কারণে আইডলিং স্টপ সিস্টেমটি কাজ নাও করতে পারে।

নোটিশ

আইডলিং স্টপ সিস্টেম দ্বারা ইঞ্জিন বন্ধ করার পরেও হেডলাইট জ্বলে থাকে। ব্যাটারি ডিসচার্জ হয়ে যেতে পারে এবং আপনি ইঞ্জিন পুনরায় চালু করতে পারবেন না।



ব্যাটারি দুর্বল হলে, আইডলিং স্টপ সুইচটি ^{OFF} (আইডলিং) এ সুইচ করুন এবং আইডলিং স্টপ সিস্টেমটি ব্যবহার করবেন না। ব্যাটারি পরীক্ষা করার জন্য আপনার ডিলারের সাথে যোগাযোগ করুন।

মেইন্টেনেন্স এর জন্য নির্ধারিত সময়ে উল্লেখিত ব্যাটারি পরীক্ষা করার জন্য আপনার ডিলারের সাথে যোগাযোগ করুন।

■ মেইন্টেনেন্স শিডিউলঃ ➡ পৃ.৪৬

ইঞ্জিন স্টার্ট

নিম্নোক্ত পদ্ধতিতে আপনার ইঞ্জিন স্টার্ট করুন, ইঞ্জিন ঠান্ডা হোক বা গরম হোক না কেন।



নোটিশ

- যদি ইঞ্জিনটি ৫ সেকেন্ডের মধ্যে চালু না হয় তবে ইগনিশন সুইচটি অফ পজিশনে ঘুরান এবং ব্যাটারি ভোল্টেজ পুনরুদ্ধার করতে ইঞ্জিনটি আবার চালু করার চেষ্টা করার আগে ১০ সেকেন্ড অপেক্ষা করুন।
- ইঞ্জিনের বর্ধিত দ্রুত আইডলিং এবং পুনরুদ্ধার ইঞ্জিন এবং এগজস্ট সিস্টেমের ক্ষতি করতে পারে।
- ইঞ্জিন রানিং অবস্থায় কিকস্টার্টারটি পরিচালনা করবেন না কারণ ইঞ্জিনের ক্ষতি হতে পারে। কিকস্টার্টারে অতিরিক্ত বল প্রয়োগ করবেন না।
- কিকস্টার্টারটি প্যাডেল স্টেপে ফিরে আসার পরে কিকস্টার্টারটি ফোল্ড করুন।

ইঞ্জিন স্টার্ট করা (চলমান)

- ১ ইগনিশন সুইচটি ঘুরিয়ে ON অবস্থানে দিন।
- ২ ট্রান্সমিশনটি নিউট্রালে দিন (N ইন্ডিকেটর জ্বলবে)। অন্যভাবে, ট্রান্সমিশন গিয়ারে থাকা অবস্থায় আপনার মোটরসাইকেলটি চালু করার জন্য ক্লাচ লিভারটি টানুন যতক্ষণ সাইড স্ট্যান্ডটি উঠানো থাকে।
- ৩ স্টার্ট বাটন ব্যবহার করে

থ্রোটল সম্পূর্ণ বন্ধ রেখে স্টার্ট বাটন টিপুন। ইঞ্জিন শুরু হওয়ার সাথে সাথে স্টার্ট বাটনটি ছেড়ে দিন।

কিকস্টার্টার ব্যবহার করা


প্রতিরোধ অনুভূত না হওয়া পর্যন্ত কিকস্টার্টারটি হালকাভাবে চাপ দিন। তারপর কিকস্টার্টারটিকে তার স্ট্রোকে উপরে ফিরে যেতে দিন।

থ্রোটল সম্পূর্ণ বন্ধ থাকা অবস্থায়, স্ট্রোকে উপর থেকে শুরু করে কিকস্টার্টারটি চালান, দ্রুত, অবিচ্ছিন্ন গতিতে নীচের দিকে কিক করুন।

যদি আপনি ইঞ্জিন চালু করতে না পারেন:

থ্রোটলটি সামান্য খুলুন (প্রায় ৩ মিমি (০.১ ইঞ্চি), ফ্লিপে ছাড়াই)।

প্রায় ৩ মিমি (০.১ ইঞ্চি), ফ্লিপে ছাড়াই



ইঞ্জিন চালু না হলে:

স্টার্ট বাটন ব্যবহার করে

- ১) থ্রোটলটি সম্পূর্ণরূপে ওপেন করুন এবং ৫ সেকেন্ডের জন্য স্টার্ট বাটন টিপুন।
 - ▶ এই সময়ে ইঞ্জিন শুরু হবে না। (যখন থ্রোটল সম্পূর্ণরূপে খোলা থাকে, তখন স্টার্ট বোতাম টিপলে ইঞ্জিনটি চালু হবে না।) ৫ সেকেন্ড পর থ্রোটল এবং স্টার্ট বাটন টি ছেড়ে দিন এবং ধাপ ২ এ যান।
- ২) স্বাভাবিক স্টার্ট পদ্ধতিটি পুনরাবৃত্তি করুন।
- ৩) ইঞ্জিন যদি চালু হয়, আইডলিং অবস্থায় থাকলে থ্রোটলটি সামান্য খুলুন।
- ৪) যদি ইঞ্জিনটি চালু না হয়, তাহলে আবার ধাপ ১ এবং ২ চেষ্টা করার আগে ১০ সেকেন্ড অপেক্ষা করুন।

কিকস্টার্টার ব্যবহার করে


- ১) ইগনিশন সুইচটি ঘুড়িয়ে OFF এ নিন।
- ২) থ্রোটলটি সম্পূর্ণভাবে খুলুন এবং কিকস্টার্টার দিয়ে ইঞ্জিনটি কয়েকবার ক্র্যাঙ্ক করুন।
- ৩) ইগনিশন সুইচটি ঘুড়িয়ে ON এ নিন।
- ৪) স্বাভাবিক স্টার্ট করার পদ্ধতিটি পুনরাবৃত্তি করুন।
- ৫) ইঞ্জিন চালু হলে, আইডলিং যদি আনস্টেবল অবস্থায় থাকে তাহলে থ্রোটলটি সামান্য খুলুন।
- ৬) যদি ইঞ্জিনটি শুরু না হয়, তাহলে আবার ধাপ ১ থেকে ৪ পর্যন্ত চেষ্টা করুন।

ইঞ্জিন যদি চালু না হয়ঃ ➡ পৃ.৭৯

শিফটিং গিয়ারস


আপনার মোটরসাইকেলটি ট্রান্সমিশনে ৫টি ফরোয়ার্ড গিয়ার থাকে, যেখানে একটি-নিচে, চারটি-উপরে শিফট করা যাবে যখন আপনি আপনার পা দিয়ে শিফট করেন।

আপনার হিল দিয়ে শিফট প্যাডেল চেপে ধরে আপনি উপরের গিয়ারে শিফট করতে পারেন।



যদি আপনি মোটরসাইকেলের সাইড স্ট্যান্ড নিচে রেখে গিয়ারে রাখেন, তাহলে ইঞ্জিনটি বন্ধ হয়ে যাবে।

রিফুয়েলিং



ফিলার নেকের নীচের প্রান্তের উপরে ফুয়েল দিয়ে পূরণ করবেন না।

ফুয়েল টাইপ: শুধুমাত্র আনলিডেড গ্যাসোলিন

ফুয়েল অকটেন নম্বর: আপনার মোটরসাইকেলটি রিসার্চ অকটেন নাম্বার (RON) ৯১ বা উচ্চতর ব্যবহার করার জন্য ডিজাইন করা হয়েছে।

ট্যাংক ক্যাপাসিটি: ১১.০ L (২.৯১ US Gal, ২.৪২ Imp Gal)

রিফুয়েলিং ও ফুয়েল গাইডলাইন। ➡ পৃ.১১

ফুয়েল ফিল ক্যাপ খোলা

লক কভারটি খুলুন, ইগনিশন কীটি সন্নিবেশ করুন এবং ক্যাপটি খুলতে এটি ঘড়ির কাটার দিক অনুসারে ঘুরিয়ে দিন।

ফুয়েল ফিল ক্যাপ বন্ধ করা

- ১ রিফুয়েলিং এর পরে, ফিলার নেকের স্লটের সাথে ফুয়েল ফিল ক্যাপ ল্যাচটি সারিবদ্ধ করুন। ফুয়েল ফিল ক্যাপটি ফিলার নেকে চাপ দিন যতক্ষণ না এটি বন্ধ হয়ে যায় এবং লক হয়ে যায়।
- ২ ইগনিশন কীটি সরান এবং লক কভারটি বন্ধ করুন।
► ক্যাপটি লক না থাকলে ইগনিশন কীটি সরানো যাবে

⚠ সতর্কতা

গ্যাসোলিন অত্যন্ত দাহ্য এবং বিস্ফোরক। ফুয়েল পরিচালনা করার সময় আপনি পুড়ে যেতে পারেন বা গুরুতর আহত হতে পারেন।


- ইঞ্জিন অফ করুন এবং তাপ, স্পার্ক এবং আগুন দূরে রাখুন।
- শুধুমাত্র বাইরে ফুয়েল পরিচালনা করুন।
- ছড়িয়ে পড়লে অবিলম্বে মুছে ফেলুন।

স্টোরেজ সরঞ্জাম

টুল

টুলস সিটের উল্টা দিকে স্টোর করা হয়।

অপারেশন গাইড




সিট খুলে ফেলা ➡ পৃ.৬১

■ হেলমেট হোল্ডার

হেলমেট হোল্ডারটি সিটের নিচে অবস্থিত।

► শুধুমাত্র পার্কিং করার সময় হেলমেট হোল্ডার ব্যবহার করুন।



■ সিট খুলে ফেলা ➡ পৃ. ৬১

⚠ সতর্কতা

হেলমেটটি হোল্ডারের সাথে সংযুক্ত করে চালানোর ফলে পিছনের চাকা বা সাসপেনশনে ইন্টারফেয়ার করতে পারে এবং দুর্ঘটনা ঘটেতে পারে যার ফলে আপনি গুরুতর আহত বা নিহত হতে পারেন।

শুধুমাত্র পার্কিং করার সময় হেলমেট হোল্ডার ব্যবহার করুন। হোল্ডারে হেলমেট রেখে মোটরসাইকেল চালাবেন না।

মেইনটেন্যান্স

কোন মেইনটেন্যান্স এর চেষ্টা করার আগে দয়া করে “মেইনটেন্যান্স এর গুরুত্ব” এবং “মেইনটেন্যান্স এর মৌলিক বিষয়গুলি” সাবধানে পড়ুন। সার্ভিস ডেটার জন্য “স্পেসিফিকেশন” দেখুন।

মেইনটেন্যান্স এর গুরুত্ব	পৃ. ৪৫
মেইনটেন্যান্স সিডিউল	পৃ. ৪৬
মেইনটেন্যান্স এর মৌলিক বিষয়গুলি	পৃ. ৪৯
টুলস	পৃ. ৫৯
বডি কম্পোনেন্ট রিমুভিং ও ইন্সটলিং	পৃ. ৬০
ব্যাটারি	পৃ. ৬০
সিট	পৃ. ৬১
সাইড কভার	পৃ. ৬২
ইঞ্জিন অয়েল	পৃ. ৬৩
ব্রেক	পৃ. ৬৫
সাইড স্ট্যান্ড	পৃ. ৭১
ড্রাইভ চেইন	পৃ. ৭২
ক্লাচ	পৃ. ৭৪
থ্রোটল	পৃ. ৭৬

অন্যান্য এডজাস্টমেন্ট	পৃ. ৭৭
পেছনের সাসপেনশন এডজাস্ট করা	পৃ. ৭৭

মেইনটেন্যান্স এর গুরুত্ব

আপনার মোটরসাইকেলটি ভালভাবে মেইনটেনেন্স করা আপনার সুরক্ষার জন্য এবং আপনার বিনিয়োগকে সুরক্ষিত করতে, সর্বাধিক কর্মক্ষমতা অর্জন করতে, ভাঙ্গন এড়াতে এবং বায়ু দূষণ হ্রাস করার জন্য একেবারে অপরিহার্য। মেইনটেন্যান্স এর দায়িত্ব মালিকের। প্রতিটি যাত্রার আগে আপনার মোটরসাইকেলটি পরিদর্শন করতে ভুলবেন না এবং মেইনটেনেন্স এর সময়সূচীতে উল্লিখিত পর্যায়ক্রমিক চেকগুলি সম্পাদন করুন। ♦পৃ. ৪৬

⚠ সতর্কতা

অনুপযুক্তভাবে আপনার মোটরসাইকেলের মেইনটেনেন্স করা বা রাইড করার আগে কোনও সমস্যা সংশোধন করতে ব্যর্থ হওয়া একটি দুর্ঘটনার কারণ হতে পারে যেখানে আপনি গুরুতর আহত বা নিহত হতে পারেন। সর্বদা এই ওনার্স ম্যানুয়ালে পরিদর্শন এবং এর সুপারিশ এবং সময়সূচী অনুসরণ করুন।

মেইনটেনেন্স নিরাপত্তা

আপনি প্রতিটি কাজ শুরু করার আগে সর্বদা মেইনটেনেন্স নির্দেশাবলী পড়ুন এবং নিশ্চিত করুন যে আপনার প্রয়োজনীয় টুলস, পার্টস এবং দক্ষতা রয়েছে। মেইনটেনেন্স সম্পাদনে উদ্বৃত্ত হতে পারে এমন প্রতিটি কল্লনাযোগ্য বিপদ সম্পর্কে আমরা আপনাকে সতর্ক করতে পারি না। শুধুমাত্র আপনি সিদ্ধান্ত নিতে পারেন যে আপনার প্রদত্ত কাজ সম্পাদন করা উচিত কিনা।

মেইনটেনেন্স সম্পাদন করার সময় এই নির্দেশিকাগুলি অনুসরণ করুন।

- ইঞ্জিন বন্ধ করুন এবং কী সরিয়ে ফেলুন।
- সাপোর্ট এর জন্য সাইড স্ট্যান্ড, সেন্টার স্ট্যান্ড বা মেইনটেনেন্স স্ট্যান্ড ব্যবহার করে আপনার মোটরসাইকেলটিকে একটি দৃঢ়, সমতল পৃষ্ঠে রাখুন।
- ইঞ্জিন, মাফলার, ব্রেক এবং অন্যান্য উচ্চ-তাপমাত্রার পার্টস সার্ভিসিংয়ের আগে শীতল হতে দিন কারণ আপনি পুড়ে যেতে পারেন।
- শুধুমাত্র নির্দেশনার পরই ইঞ্জিন একটি ভালো বায়ু চলাচল অঞ্চলে চালান।

মেইনটেন্যান্স এর সময়সূচী

মেইনটেন্যান্স এর সময়সূচী নিরাপদ, নির্ভরযোগ্য কর্মক্ষমতা এবং যথাযথ ইমিশন নিয়ন্ত্রণ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় মেইনটেন্যান্স এর প্রয়োজনীয়তাগুলি নির্দিষ্ট করে।

সঠিকভাবে প্রশিক্ষিত এবং যন্ত্র সম্পৃক্ত টেকনিশিয়ান দ্বারা হোন্ডার মান এবং স্পেসিফিকেশন অনুযায়ী মেইনটেন্যান্স এর কাজ সম্পাদন করা উচিত। আপনার ডিলার এই সমস্ত প্রয়োজনীয়তা পূরণ করে। আপনার মোটরসাইকেলটি সঠিকভাবে মেইনটেন্যান্স করা হয়েছে তা নিশ্চিত করতে মেইনটেন্যান্স এর একটি সঠিক রেকর্ড রাখুন।

নিশ্চিত হয়ে নিন যেন যে মেইনটেন্যান্স সম্পাদন করে সে এই রেকর্ডটি সম্পূর্ণ করে।

সমস্ত নির্ধারিত রশিদপত্র মেইনটেন্যান্স একটি সাধারণভাবে মালিকের অপারেটিং খরচ হিসাবে বিবেচিত হয় এবং আপনার ডিলার দ্বারা আপনার কাছে চার্জ করা হবে। সমস্ত রিসিট সংরক্ষণ রাখুন। আপনি যদি মোটরসাইকেলটি বিক্রি করেন তবে এই রিসিট মোটরসাইকেলের সাথে নতুন মালিকের কাছে স্থানান্তর করা উচিত।

হোন্ডা সুপারিশ করে যে প্রতিটি পিরিয়ডিক মেইনটেন্যান্স সম্পন্ন হওয়ার পরে আপনার ডিলারকে আপনার মোটরসাইকেলের রোড টেস্ট করা উচিত।

আইটেমস		প্রি-রাইড চেক *পৃ. ৪৯	ফ্রিকুয়েন্সি*								বার্ষিক চেক	রেগুলার রিপ্রেস	পৃষ্ঠা দেখুন
			× ১,০০০ কিমি	১	৪	৮	১২	১৬	২০	২৪			
			× ১,০০০ মাইল	১	৪	৮	১২	১৬	২০	২৪			
হোন্ডা ডায়াগনস্টিক সিস্টেম	✂			I	I	I	I	I	I			—	
ফুয়েল লাইন	🔧				I	I	I	I	I	I		—	
ফুয়েল লেভেল		I										৪১	
ব্রটল অপারেশন	🔧	I			I	I	I	I	I	I		৭৬	
এয়ার ক্লিনার*২	🔧							R				—	
ক্র্যাঙ্ককেস ব্রিদার*৩				C	C	C	C	C	C			—	
স্পার্ক প্লাগ				I	R	I	R	I	R			—	
ভালভ ক্লিয়ারেন্স	🔧			I	I	I	I	I	I			—	
ইঞ্জিন অয়েল		I		R	R	R	R	R	R	R	R	৬৩	
ইঞ্জিন অয়েল ফিল্টার				I	I	R	I	R	I	R		—	
ইঞ্জিন অয়েল স্ট্রেনার ক্লিন	✂					C		C		C		—	
ইঞ্জিন আইডল স্পিড	🔧			I	I	I	I	I	I	I	I	—	
ইভাপোরেটিভ এমিশন কন্ট্রোল সিস্টেম	🔧						I			I		—	
ড্রাইভ চেইন		I		প্রতি ১০০০ কি.মি. (৬০০মাইল) :						I	L		৭২

মেইন্টেনেন্স লেভেল

- ✂ : মধ্যবর্তী. আমরা আপনার ডিলারের মাধ্যমে সার্ভিস করানোর পরামর্শ দিই, যদি না আপনার কাছে প্রয়োজনীয় সরঞ্জাম থাকে এবং আপনি যান্ত্রিকভাবে দক্ষ হন।
পদ্ধতিগুলো অফিসিয়াল 'হোন্ডা শপ ম্যানুয়াল'-এ দেওয়া আছে।

- ✂ : প্রযুক্তিগত. নিরাপত্তার স্বার্থে, আপনার মটরসাইকেলটি ডিলারের মাধ্যমে সার্ভিস করিয়ে নিন।

মেইন্টেনেন্স লিজেন্ড

- I : ইসপেকশন (যদি প্রয়োজন হয়, পরিষ্কার, সমন্বয়, লুব্রিকেট অথবা রিপ্রেস করুন)
R : রিপ্রেস
C : ক্লিন
L : লুব্রিকেট

মেইনটেনেস সিডিউল

আইটেমস		প্রি-রাইড চেক পৃ. ৪৯	ফ্রিকুয়েন্সি*								বার্ষিক চেক	রেগুলার রিপ্লেস	পৃষ্ঠা দেখুন
			× ১,০০০ কিমি	১	৪	৮	১২	১৬	২০	২৪			
			× ১,০০০ মাইল	১	৪	৮	১২	১৬	২০	২৪			
ব্যাটারি**	🔧				1	1	1	1	1	1	1		৬০
ব্রেক ফ্রুইড*		1			1	1	1	1	1	1	1	২ বছর	৬৫
ব্রেক প্যাড/শু-এর ক্ষয়		1			1	1	1	1	1	1	1		৬৬, ৬৯
ব্রেক সিস্টেম		1		1	1	1	1	1	1	1	1		৬৫
ব্রেকলাইটের সুইচ					1	1	1	1	1	1	1		৭০
হেডলাইটের লক্ষ্য/ফোকাস					1	1	1	1	1	1	1		-
লাইট/হর্ন		1											-
ক্লাচ সিস্টেম		1		1	1	1	1	1	1	1	1		৭৪
সাইড স্ট্যান্ড		1			1	1	1	1	1	1	1		৭১
সাসপেনশন	🔧				1	1	1	1	1	1	1		৭৭
নাট, বোল্ট এবং ফাসেনারসমূহ	🔧			1		1		1		1	1		-
চাকা/টায়ার	✂️	1			1	1	1	1	1	1	1		৫৬
স্টিয়ারিং হেড বেয়ারিং	✂️					1		1		1	1		-

নোট:

*১ : ওডোমিটারের রিডিং বেশি হলে, এখানে নির্ধারিত সময়ের ব্যবধানে পুনরায় রক্ষণাবেক্ষণ করুন।

*২ : অস্বাভাবিক ভেজা বা ধুলোবালি যুক্ত এলাকায় গাড়ি চালালে আরও ঘন ঘন সার্ভিসিং করুন।

*৩ : বৃষ্টিতে বা পূর্ণ থোটলে (ফুল স্পিডে) গাড়ি চালালে আরও ঘন ঘন সার্ভিসিং করুন।

*৪ : প্রতিস্থাপনের জন্য যান্ত্রিক দক্ষতার প্রয়োজন।

প্রি-রাইড ইন্সপেকশন

সুরক্ষা নিশ্চিত করার জন্য, একটি প্রি-রাইড ইন্সপেকশন সম্পাদন করা এবং আপনি যদি কোন সমস্যা খুঁজে পান তা সংশোধন নিশ্চিত করা আপনার দায়িত্ব। একটি প্রি-রাইড ইন্সপেকশন অবশ্যই আবশ্যিক, কেবল নিরাপত্তার জন্য নয়, তবে একটি ভাঙ্গন বা এমনকি একটি ফ্ল্যাট টায়ার থাকা একটি বড় অসুবিধা হতে পারে।

আপনার মোটরসাইকেলে গুঠার আগে নিম্নলিখিত আইটেমগুলি পরীক্ষা করুন:

- ফুয়েল লেভেল - প্রয়োজনে ফুয়েল ট্যাঙ্ক পূরণ করুন *পৃ. ৪১
- থ্রোটল - সকল স্টিয়ারিং পজিশনে মসৃণভাবে খোলা এবং সম্পূর্ণ বন্ধের জন্য থ্রোটল চেক করুন *পৃ. ৭৬
- ইঞ্জিন অয়েল লেভেল - প্রয়োজনে ইঞ্জিন অয়েল পূর্ণ করুন। লিকের জন্য চেক করুন *পৃ. ৬৩
- ড্রাইভ চেইন-অবস্থা এবং স্লেক চেক করুন, প্রয়োজনে এডজাস্ট ও লুব্রিকেট করুন *পৃ. ৭২

- ব্রেক - অপারেশন চেক করুন;
- সামনে: প্যাড ক্ষয় এবং ফ্রিগেপে পরীক্ষা করুন, প্রয়োজনে সামঞ্জস্য করুন *পৃ. ৬৫, *পৃ. ৬৬
পিছনে: ব্রেক সু ক্ষয় এবং ফ্রিগেপে পরীক্ষা করুন, প্রয়োজনে সামঞ্জস্য করুন। *পৃ. ৬৯, *পৃ. ৬৭
- লাইট এবং হর্ন - লাইট, ইন্ডিকেটর এবং হর্ন সঠিকভাবে কাজ করে কিনা তা পরীক্ষা করুন
- ক্লাচ - অপারেশন চেক করুন;
প্রয়োজনে ফ্রিগেপে এডজাস্ট করুন *পৃ. ৭৪
- সাইড স্ট্যান্ড ইগনিশন কাট-অফ সিস্টেম - সঠিকভাবে কাজ করছে কিনা তা পরীক্ষা করুন। *পৃ. ৭১
- চাকা এবং টায়ার - অবস্থা, এয়ার প্রেসার পরীক্ষা করুন এবং প্রয়োজনে এডজাস্ট করুন *পৃ. ৫৬

পার্টস প্রতিস্থাপন

নির্ভরযোগ্যতা এবং সুরক্ষা নিশ্চিত করতে সর্বদা হোন্ডা জেনুইন পার্টস ব্যবহার করুন।

⚠ সতর্কতা

নন-হোন্ডা পার্টস ইনস্টল করা আপনার মোটরসাইকেলকে অনিরাপদ করে তুলতে পারে এবং একটি দুর্ঘটনার কারণ হতে পারে যেখানে আপনি গুরুতর আহত বা নিহত হতে পারেন।

সর্বদা হোন্ডা জেনুইন পার্টস ব্যবহার করুন যা আপনার মোটরসাইকেলের জন্য ডিজাইন এবং অনুমোদিত হয়েছে।

ব্যাটারি

আপনার মোটরসাইকেলে একটি মেইনটেনেন্স ফ্রি টাইপ ব্যাটারি রয়েছে। আপনাকে ব্যাটারি ইলেক্ট্রোলাইট স্তর পরীক্ষা করতে হবে না বা ডিস্টিল্ড পানি যুক্ত করতে হবে না। ব্যাটারি টার্মিনালগুলি নোংরা বা ক্ষয়প্রাপ্ত হলে সেগুলি পরিষ্কার করুন।

ব্যাটারি ক্যাপ সিলগুলি অপসারণ করবেন না। চার্জ দেওয়ার সময় ক্যাপটি সরানোর দরকার নেই।

নোটিশ

আপনার ব্যাটারি একটি মেইনটেনেন্স-মুক্ত টাইপ এবং ক্যাপ স্ট্রিপিটি অপসারণ করা হলে স্থায়ীভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।



ব্যাটারিতে এই চিহ্নটির অর্থ হল এই পণ্যটিকে বসতবাড়ির বর্জ্য হিসাবে গণ্য করা উচিত নয়।

নোটিশ

একটি অনুপযুক্তভাবে ফেলে দেওয়া ব্যাটারি পরিবেশ এবং মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক হতে পারে। সঠিক ব্যাটারি ডিসপোজালের জন্য সর্বদা স্থানীয় নিয়মগুলি নিশ্চিত করুন।

■ জরুরী পরিস্থিতিতে কী করবেন

যদি নিম্নলিখিতগুলির কোনওটি ঘটে তবে অবিলম্বে আপনার ডাক্তাররের সাথে পরামর্শ করুন।

- ইলেক্ট্রোলাইট আপনার চোখে ছিটিয়ে পড়লে
 - ▶ কমপক্ষে ১৫ মিনিট এর জন্য ঠান্ডা পানি দিয়ে বারবার চোখ ধুয়ে ফেলুন। অতিরিক্ত চাপ দিয়ে পানি দিয়ে করা আপনার চোখের ক্ষতি করতে পারে।
- আপনার ত্বকে ইলেক্ট্রোলাইট ছিটিয়ে পড়লে:
 - ▶ আক্রান্ত পোশাক সরান এবং পানি দিয়ে আপনার ত্বক ভালভাবে ধুয়ে ফেলুন।
- ইলেক্ট্রোলাইট আপনার মুখের ভিতরে ছিটিয়ে পড়লে
 - ▶ পানি দিয়ে মুখ ভালভাবে ধুয়ে ফেলুন এবং গিলে ফেলবেন না।

⚠ সতর্কতা

ব্যাটারি স্বাভাবিক অপারেশন এর সময় বিস্ফোরক হাইড্রোজেন গ্যাস নির্গমন করে।


একটি স্পার্ক বা শিখা আপনাকে মেরে ফেলতে বা গুরুতরভাবে আঘাত করার জন্য ব্যাটারিটিকে পর্যাপ্ত শক্তি দিয়ে বিস্ফোরিত করতে পারে।

সুরক্ষামূলক পোশাক এবং একটি ফেস শিল্ড পরুন, বা ব্যাটারি সার্ভিসিং করার জন্য একজন দক্ষ মেকানিক দেখান।

■ ব্যাটারি টার্মিনাল পরিষ্কার করা

১. ব্যাটারি অপসারণ করুন। *পৃ. ৬০
২. যদি টার্মিনালগুলি ক্ষয় হতে শুরু করে এবং একটি সাদা পদার্থ দিয়ে প্রলেপিত হয় তবে উষ্ণ পানি দিয়ে ধুয়ে ফেলুন এবং মুছে ফেলুন।

৩. যদি টার্মিনালগুলি অতিরিক্ত ক্ষয়প্রাপ্ত হয় তবে পরিষ্কার করুন এবং টার্মিনালগুলিকে তারের ব্রাশ বা স্যান্ডপেপার দিয়ে পলিশ করুন। সেফটি গ্লাস/চশমা পরিধান করুন।



৪. পরিষ্কার করার পরে, ব্যাটারি পুনরায় ইনস্টল করুন।

